চট্টগ্রাম বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶মাশরাফী ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

মাশরাফী ট্রেডার্স

রেওয়ামিল

ডেটর | ৩১ ডিসেম্বর, ২০১৫ | ক্রেডিটর

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
উত্তোলন	৫০,০০০	মূলধন	৪,৫০,০০০
হাতে নগদ	১,৫০,০০০	পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৪,৬০,০০০
মজুদ পণ্য (১-১-১৫)	১,০০,০০০	প্রদেয় হিসাব	২,০০,০০০
মজুরি	৪০,০০০	অনাদায়ী দেনা সঞ্চিতি	৮,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	৩,০০,০০০	উপভাড়া	১২,০০০
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	২,৩০,০০০		
বেতন	৬০,০০০		
প্রাপ্য হিসাব	১,৪৫,০০০		
ভ্যাট চলতি হিসাব	৫০,০০০		
অনাদায়ী দেনা	৫,০০০		
	১১,৩০,০০০		১১,৩০,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। কিন্তু এই মূল্যায়নের পর ২০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। বিমা কোম্পানি ১৫,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে রাজি হয়েছে। ২. প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৩. বেতন বকেয়া আছে ১০,০০০ টাকা, উপভাড়া অনাদায়ী আছে ৮,০০০ টাকা। ৪. অগ্রিম মজুরি প্রদান ১০,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

খ. মোট লাভ নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ১,১০,০০০ টাকা ধরে চলতি বছরের নিট লাভ বা নিট ক্ষতি দেখাও। ৪

২.▶জনাব সাকিবের ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

জনাব সাকিবের
রেওয়ামিল
ডেটর ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিটর

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
উত্তোলন	৫০,০০০	মূলধন	৫,০০,০০০
জীবন বিমা	৩০,০০০	৬% ঋণপত্র (১-১-১৫)	৮০,০০০
প্রারম্ভিক মজুদ	৮০,০০০	পণ্য বিক্রয়	৪,৭০,০০০
আসবাবপত্র	১,৪০,০০০	প্রদেয় হিসাব	৩৫,০০০
দালানকোঠা	২,০০,০০০	ক্রয় ফেরত	১০,০০০
মজুরি	২০,০০০		
বেতন	৪০,০০০		
বিজ্ঞাপন	৫০,০০০		
পণ্য ক্রয়	৩,০০,০০০		
প্রাপ্য হিসাব	১,০০,০০০		
ঋণের সুদ	৮০০		
বিক্রয় ফেরত	৫,০০০		
ভ্যাট চলতি হিসাব	৩০,০০০		
হাতে নগদ	৪৯,২০০		
	১০,৯৫,০০০		১০,৯৫,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৯০,০০০ টাকা মূল্যায়নের পূর্বে ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। ২. প্রাপ্য হিসাবের মধ্যে হাসিব নামে ১০,০০০ টাকার দেনাদারের কাছ থেকে কোনো টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% ধরিয়া অনাদায়ী দেনা সঞ্চিতি কাটতে হবে। ৩. বিজ্ঞাপন খরচের ৫০% বিলম্বিত করতে হবে। ৪. মূলধনের ওপর ৫% সুদ ধরতে হবে। ৫. আসবাপত্রের ওপর ১০% ও দালানকোঠার ওপর ৭$\frac{১}{২}$% অবচয় ধরো।

ক. ঋণের বকেয়া সুদ নির্ণয় করো। ২

খ. মোট লাভ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ২৬,৭০০ টাকা ধরে ব্যবসায়ের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩. ▶ জনাব সম্রাট-এর ২০১৫ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫

জানুয়ারি	১	নগদ ৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার আসবাপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন।
"	৫	মাসিক ১০,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ দিলেন।
"	১০	ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
"	১৫	নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
"	২০	নিজস্ব তহবিল থেকে ছেলের স্কুলের বেতন প্রদান ৫০০ টাকা।
"	২৫	নগদে পণ্য বিক্রয় ৯০,০০০ টাকা।
"	৩০	কর্মচারীর বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাগুলো উল্লেখ করো। ২

খ. ১, ১০, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত করো। ৪

গ. ক্রয় হিসাব এবং নগদান হিসাব প্রস্তুত করো। ৪

৪. ▶ ২০১৫ সালের ১ জানুয়ারি মি. মর্তুজার নগদ ও ব্যাংক উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা (ক্রে.)। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ:

জানুয়ারি	১	নগদে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা।
"	৪	নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা।
"	৮	মারুফার কাছ থেকে পণ্য ক্রয় ৭০,০০০ টাকা।
"	১২	শচীনের কাছ থেকে ২৫,০০০ টাকার চেক পেয়ে তখনই ব্যাংকে জমা।
"	১৬	মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
"	২০	মারুফার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে তাকে ৬৯,০০০ টাকা প্রদান করা হলো।
"	২৪	নগদে বেতন প্রদান ৫,০০০ টাকা, চেকে ভাড়া প্রদান ৪,০০০ টাকা।
"	২৮	ব্যাংক থেকে উত্তোলন ১,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনগুলো উল্লেখ করো। ২

খ. ১ থেকে ২০ তারিখের লেনদেন দ্বারা নগদান বই তৈরি করো। ৪

গ. ৪, ১২, ২৪ এবং ২৮ তারিখের লেনদেন দ্বারা জাবেদা তৈরি করো। ৪

৫. ▶ ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে সাগর ট্রেডার্স-এর জমা খরচের খতিয়ান:

হিসাবের নাম	টাকা
মূলধন	৯৫,০০০
বিক্রয়	৫০,০০০
আসবাবপত্র	৭০,০০০
জাহাজ ভাড়া	১০,০০০
প্রাপ্য বিল	৩৫,০০০
প্রদেয় বিল	২৫,০০০
প্রাপ্য হিসাব	৪০,০০০
প্রদেয় হিসাব	২০,০০০
স্বল্পমেয়াদি ঋণ	৩০,০০০
হাতে নগদ	২৫,০০০
ব্যাংক তহবিল	১০,০০০
ক্রয়	৩৫,০০০
শিক্ষানবিশ সেলামি	৫,০০০

ক. মুনাফা জাতীয় আয়গুলোর সমষ্টি নির্ণয় করো। ২

খ. রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. চলতি সম্পত্তি ও চলতি দায় চিহ্নিত করে পার্থক্য দেখাও। ৪

৬. ▶ আকরাম খানের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যগুলো নেয়া হয়েছে—

১. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা।

২. আদায়ের জন্য প্রেরিত ১০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা মোট দুইখানি চেকের মধ্যে ১ম চেকখানি আদায় হয়েছে।

৩. ৫,০০০ টাকার একখানি ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি।

৪. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫,০০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৩,০০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৫ দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে ৫,০০০ টাকা জমা হলেও তা নগদান বইতে লেখা হয়নি।

৬. ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ নগদানে লেখা হয়নি ১,০০০ টাকা।

ক. নগদান বইতে লেখা বাদ পড়া টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৪, ৫ ও ৬ নং ক্রমিকের জাবেদা করো। ৪

গ. ব্যাংক জমার সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

৭.▶নান্নু এন্টারপ্রাইজের হিসাব বই থেকে গৃহীত রেওয়ামিল—

নান্নু এন্টারপ্রাইজ

রেওয়ামিল

ডেটর ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিটর

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
উত্তোলন	১৫,০০০	মূলধন	১,২০,০০০
মজুদ পণ্য (১-১-১৫)	৩০,০০০	বিক্রয়	২,২৫,০০০
ক্রয়	১,৩৫,০০০		
মজুরি	১৫,০০০		
বেতন	২২,৫০০		
যন্ত্রপাতি	১,২৭,৫০০		
	৩,৪৫,০০০		৩,৪৫,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদের বাজারমূল্য ৫২,৫০০ টাকা হলেও-এর ক্রয়মূল্য ছিল ৪৫,০০০ টাকা। ২. মজুরি বকেয়া আছে ৩,০০০ টাকা। ৩. বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ৪,৫০০ টাকা।

ক. ২ এবং ৩ নং সমন্বয়ের জাবেদা দাখিলা দাও। ২

খ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি করো। ৪

গ. স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

৮.▶দি ওমেগা কোম্পানি লি. ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে উহার পরিবহন ও সংস্থাপন বাবদ যথাক্রমে ৫,০০০ টাকা ও ১৫,০০০ টাকা খরচ করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানি তার হিসাব বন্ধ করে এবং স্থির কিস্তিতে অবচয় ধার্য হয়।

ক. মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

গ. মেশিন হিসাব এবং অবচয় খরচ হিসাবের খতিয়ান করো। ৪

৯.▶ইমরান খান তার হিসাবের বই একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের মূলধন ছিল ১,০০,০০০ টাকা। ৩১-১২-১৫ তারিখে তার ব্যবসায়ের অবস্থা ছিল নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা
নগদ তহবিল	৫০,০০০
ব্যাংক তহবিল	২০,০০০
প্রাপ্য হিসাব	৩০,০০০
প্রদেয় হিসাব	১০,০০০

হিসাবের নাম	টাকা
১০% বিনিয়োগ (১-৭-১৫)	৪০,০০০
আসবাবপত্র	২০,০০০
মজুদ পণ্য	১৫,০০০
৬% ঋণ	১০,০০০

ইমরান খান তার ব্যক্তিগত গাড়িটি ৮০,০০০ টাকায় বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থের অর্ধেক দিয়ে ব্যবসায়ের জন্য একটি ডেলিভারী ভ্যান ক্রয় করেন।

আসবাবপত্রের ১০% অবচয় ধরতে হবে এবং প্রাপ্য হিসাবের ১,০০০ টাকা অনাদায়ী হিসাবে গণ্য করতে হবে।

ক. পৃথক পৃথকভাবে বিনিয়োগের সুদ এবং ঋণের সুদ নির্ণয় করো। ২

খ. সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ৫৩,৪০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

উত্তরমালা

১. ক. ভ্যাট চলতি হিসাবের জের ২০,০০০ টাকা (ডেবিট)। খ. মোট লাভ ২,২০,০০০ টাকা। গ. নিট লাভ ১৩,৫০০ টাকা।

২. ক. ঋণের বকেয়া সুদ ৪,০০০ টাকা। খ. মোট লাভ ১,৭৫,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৯০,৭০০ টাকা।

৩. খ. জাবেদার যোগফল ২,১৫,০০০ টাকা। গ. ক্রয় হিসাবের জের ৪৫,০০০ টাকা (ডেবিট) এবং নগদান হিসাবের জের ১,০৫,০০০ টাকা (ডেবিট)।

৪. ক. অনগদ লেনদেনের পরিমাণ ৬,০০০ টাকা। খ. নগদ উদ্বৃত্ত ২১,০০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত (ক্রেডিট) ৫,০০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ১,০০০ টাকা। গ. জাবেদার যোগফল ১,১৫,০০০ টাকা।

৫. ক. মুনাফা জাতীয় আয়ের সমষ্টি ৫৫,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ২,২৫,০০০ টাকা। গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য ৩৫,০০০ টাকা।

৬. ক. নগদান বইতে লেখা বাদ পড়া টাকার পরিমাণ ১৪,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১৪,০০০ টাকা। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমা ৪৬,০০০ টাকা।

৭. ক. সমন্বয় জাবেদার যোগফল ৭,৫০০ টাকা। খ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৪৮,০০০ টাকা, নিট লাভ ৬৯,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৯২,০০০ টাকা। গ. স্বত্বাধিকারের পরিমাণ ১,৭৪,০০০ টাকা।

৮. ক. বার্ষিক অবচয়ের পরিমাণ ৪৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৯০,০০০ টাকা। গ. মেশিন হিসাবের জের (ডেবিট) ৫,০০,০০০ টাকা।

৯. ক. বিনিয়োগের সুদ ২,০০০ টাকা এবং ঋণের সুদ ৬০০ টাকা। খ. সমাপনী মূলধন ১,৯৫,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,১৪,০০০ টাকা।

চট্টগ্রাম বোর্ড-২০১৬

হিসাববিজ্ঞান: প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

বহুনির্বাচনি

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. হিসাববিজ্ঞানের কাঁচামাল কী?
   ক) ঘটনা   খ) লেনদেন   গ) হিসাব   ঘ) জাবেদা

উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।

মি. হিমেল ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৩০,০০০ টাকা, ১০% ব্যাংক ঋণ ৪,০০০ টাকা এবং পণ্যদ্রব্য ৩,০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়—
পণ্য ক্রয় ৮,০০০ টাকা
আয়কর প্রদান ৩,০০০ টাকা
এবং ধারে বিক্রয় ৪,০০০ টাকা।

২. জনাব হিমেলের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?
   ক) ২৯,০০০ টাকা   খ) ৩০,০০০ টাকা
   গ) ৩৩,০০০ টাকা   ঘ) ৩৭,০০০ টাকা

৩. ব্যাংক ঋণ দিয়ে ব্যবসায় শুরু করায় হিসাব সমীকরণে কোন পরিবর্তনটি ঘটবে?
   ক) মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
   খ) দায় বৃদ্ধি পাবে
   গ) মালিকানা স্বত্ব হ্রাস পাবে
   ঘ) দায় হ্রাস পাবে

৪. ব্যাংক হিসাব সাধারণত কত প্রকার?
   ক) ২ প্রকার   খ) ৩ প্রকার
   গ) ৪ প্রকার   ঘ) ৫ প্রকার

৫. নিম্নের কোন প্রকার চেকের টাকা সরাসরি ব্যাংক হতে উঠানো যায় না?
   ক) হুকুম চেক   খ) বাহক চেক
   গ) ভ্রমণকারীর চেক   ঘ) দাগ কাটা চেক

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।

সিগমা লিমিটেড-এর বাট্টা প্রাপ্তি হিসাবের জের ৮০ টাকা রেওয়ামিলের ভুল পাশে বসানো হয়েছে।

৬. অন্য কোনো ভুল না থাকলে রেওয়ামিলের দুই পাশের পার্থক্যের পরিমাণ কত হবে?
   ক) ৪০ টাকা   খ) ৮০ টাকা
   গ) ১৬০ টাকা   ঘ) ২৪০ টাকা

৭. রেওয়ামিল তৈরির পর ভুলটি উদঘাটিত হলে সংশোধিত জাবেদা হবে কোনটি?
   ক) অনিশ্চিত হিসাব ডেবিট ৮০ টাকা, বাট্টা প্রাপ্তি হিসাব ক্রেডিট ৮০ টাকা
   খ) প্রদত্ত বাট্টা হিসাব ডেবিট ৮০ টাকা, বাট্টা প্রাপ্তি হিসাব ক্রেডিট ৮০ টাকা
   গ) অনিশ্চিত হিসাব ডেবিট ১৬০ টাকা, বাট্টা প্রাপ্তি হিসাব ক্রেডিট ১৬০ টাকা
   ঘ) প্রদত্ত বাট্টা হিসাব ডেবিট ১৬০ টাকা, বাট্টা প্রাপ্তি হিসাব ক্রেডিট ১৬০ টাকা

৮. সমন্বিত ক্রয় হচ্ছে—
   ক) প্রারম্ভিক মজুদ + সমাপনী মজুদ - ক্রয়
   খ) প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় - সমাপনী মজুদ
   গ) বিক্রয় + সমাপনী মজুদ - ক্রয়
   ঘ) সমাপনী মজুদ + ক্রয় - প্রারম্ভিক মজুদ

৯. জাবেদা ছকে কলামের সংখ্যা কতটি?
   ক) ৩টি   খ) ৪টি   গ) ৫টি   ঘ) ৬টি

১০. হিসাব প্রক্রিয়ায় খতিয়ান কোন কাজটি করে?
   ক) সংক্ষিপ্তকরণ   খ) শ্রেণিবিন্যাসকরণ
   গ) লিপিবদ্ধকরণ   ঘ) আর্থিক ফলাফল নির্ণয়

১১. হিসাববিজ্ঞানের মৌলিক ধারণা হলো—
   i. আদায়করণ নীতি   ii. সামঞ্জস্য নীতি
   iii. লভ্যাংশ নীতি
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১২. হিসাবকাল শেষে প্রদেয় হিসাবের উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?
   ক) আয়   খ) সম্পদ
   গ) দায়   ঘ) মালিকানা স্বত্ব

১৩. একতরফা দাখিলা পদ্ধতিতে নিচের কোনটিতে হিসাব সংরক্ষণ করা হয় না?
   ক) নামিক হিসাব   খ) সম্পত্তিবাচক হিসাব
   গ) ব্যক্তিবাচক হিসাব   ঘ) মূলধন হিসাব

১৪. হিসাবকাল নীতি অনুযায়ী কোন হিসাবগুলো বছর শেষে বন্ধ করে দিতে হয়?
   ক) আয়-ব্যয় হিসাব   খ) স্বত্বাধিকারী হিসাব
   গ) দায় হিসাব   ঘ) সম্পত্তি হিসাব

১৫. সম্পত্তি বিক্রয় করে বিক্রয় হিসাব ক্রেডিট করা হলে কোন ধরনের ভুল হয়?
   ক) লিখার ভুল   খ) বাদ পড়ার ভুল
   গ) বেদাখিলার ভুল   ঘ) নীতিগত ভুল

১৬. স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করার ক্ষেত্রে বিবেচনা করা হয়—
   i. সম্পত্তির ক্রয়মূল্য   ii. সম্পত্তির বহিমূল্য
   iii. আনুমানিক আয়ুষ্কাল
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১৭. প্রাপ্ত ভ্যাট ও প্রদত্ত ভ্যাটের ক্ষেত্রে প্রাপ্ত ভ্যাটের পরিমাণ বেশি হলে পার্থক্য কোথায় দেখাতে হবে?
   ক) আয় বিবরণীতে আয় হিসেবে
   খ) আয় বিবরণীতে ব্যয় হিসেবে
   গ) উদ্বর্তপত্রের দায় দিকে
   ঘ) উদ্বর্তপত্রের সম্পদ দিকে

১৮. অশোক ট্রেডার্স ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করে। এক সপ্তাহ পর উক্ত মালের মূল্যের অর্ধেক ১০% বাট্টায় পরিশোধ করা হয়।
   অশোক ট্রেডার্সের হিসাবভুক্ত বাট্টার পরিমাণ কত?
   ক) ৪,৫০০ টাকা   খ) ৯,৫০০ টাকা
   গ) ১০,০০০ টাকা   ঘ) ২০,০০০ টাকা

১৯. সম্ভাব্য দায় উদ্বর্তপত্রের কোন দিকে বসে?
   ক) ডেবিট দিকে   খ) ক্রেডিট দিকে
   গ) উভয়দিকে   ঘ) কোনো দিকেই নয়

২০. আধুনিক হিসাববিজ্ঞানের জনক কে?
ক আর. এন. কার্টার খ এলসি ক্রুপার
গ লুকা প্যাসিওলি ঘ ডাব্লিউ জনসন

২১. অবচয় ধার্য করা হলে হিসাব সমীকরণে পরিবর্তন ঘটে—
ক OE উপাদানের খ A এবং OE উপাদানের
গ A উপাদানের ঘ L এবং OE উপাদানের

২২. অনুপার্জিত আয় একটি—
ক আয় খ দায়
গ ব্যয় ঘ সম্পদ

২৩. হিসাব সমীকরণ হলো—
i. A = L + D ii. A = L + OE
iii. A = L + (C + I – E – D)
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৪. জনাব করিমের দায় ছিল ২০,০০০ টাকা এবং মালিকানা স্বত্ব ছিল ৩০,০০০ টাকা। তার সম্পত্তি ছিল কত?
ক ১০,০০০ টাকা খ ২০,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

২৫. 'জার্নাল' শব্দটির উৎপত্তি হয়েছে—
ক ফরাসি শব্দ থেকে খ হিন্দি শব্দ থেকে
গ আরবি শব্দ থেকে ঘ তুর্কি শব্দ থেকে

২৬. জীবন বিমা প্রদানের সঠিক জাবেদা কোনটি?
ক জীবন বিমা হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
খ উত্তোলন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
গ ব্যাংক হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
ঘ উত্তোলন হিসাব ডেবিট, মূলধন হিসাব ক্রেডিট

২৭. কারবারি বাট্টা কোন বইতে লিপিবদ্ধ করা হয়?
ক দু'ঘরা নগদান বইতে খ তিনঘরা নগদান বইতে
গ খুচরা নগদান বইতে ঘ হিসাবভুক্ত হয় না

২৮. নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝানো হয়?
ক ব্যাংক হতে উত্তোলন খ ব্যাংক জমার উদ্বৃত্ত
গ ব্যাংক চার্জ ঘ ব্যাংক জমাতিরিক্ত

২৯. কোন সম্পর্কটি সঠিক?
ক ক্রয় বাট্টা ও প্রাপ্য হিসাব
খ ক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব
গ বিক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব
ঘ ক্রয় বাট্টা এবং বিক্রয় বাট্টা

৩০. প্রাপ্য হিসাব ব্যবসায়ের কোন ধরনের সম্পত্তি?
ক স্থায়ী সম্পত্তি খ চলতি সম্পত্তি
গ অবাস্তব সম্পত্তি ঘ ভাসমান সম্পত্তি

৩১. অনাদায়ী পাওনা সমন্বয় করা হয় হিসাববিজ্ঞানের কোন নীতির আলোকে?
ক রক্ষণশীল নীতি খ চলমান প্রতিষ্ঠান ধারণা
গ হিসাবকাল ধারণা ঘ ক্রয়মূল্য ধারণা

৩২. ব্যাংক সমন্বয় তৈরিতে নিচের কোনটি বিবেচিত হয় না?
ক ব্যাংক কর্তৃক চার্জকৃত আদায় খরচ
খ ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান
গ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
ঘ দেনাদারের নিকট হতে ব্যাংক কর্তৃক সরাসরি আদায়

৩৩. আমানতকারী ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলন করলে হিসাবভুক্ত হবে—
i. নগদান বইতে ব্যাংক হিসাব ক্রেডিট
ii. নগদান বইতে নগদান হিসাব ক্রেডিট
iii. ব্যাংকের বইতে আমানতকারীর হিসাব ডেবিট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. মির্জা ট্রেডার্স এর হিসাবরক্ষক কার্যপত্র তৈরির সময় ঋণের বকেয়া সুদ সমন্বয়করণ ভুলে গেলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়বে?
i. মুনাফা বেশি হবে
ii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
iii. দায় হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়?
ক আয় খ সম্পদ
গ দায় ঘ স্বত্বাধিকার

৩৬. কুঋণ সঞ্চিতির পরিমাণ ২,০০০ টাকা কমাতে হবে। রেওয়ামিলে কুঋণ সঞ্চিতির পরিমাণ দেয়া আছে ৬,০০০ টাকা। নতুন কুঋণ সঞ্চিতির পরিমাণ কত টাকা?
ক ২,০০০ টাকা খ ৪,০০০ টাকা
গ ৬,০০০ টাকা ঘ ৮,০০০ টাকা

৩৭. অনিশ্চিত হিসাব কোন জাতীয় হিসাব?
ক মূলধন জাতীয় খ স্থায়ী
গ অস্থায়ী ঘ মুনাফা জাতীয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আসাদ তার ব্যবসার হিসাব একতরফা দাখিলা পদ্ধতিতে রাখেন। ২০১৫ সালে তার প্রারম্ভিক ও সমাপনী মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা, উক্ত বছরে তিনি নগদ ২০,০০০ টাকা উত্তোলন করেন এবং নগদ ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন বাবদ আনয়ন করেন।

৩৮. ২০১৫ সালে জনাব আসাদের নিট লাভ কত?
ক ৭০,০০০ টাকা খ ১,০০,০০০ টাকা
গ ১,৮০,০০০ টাকা ঘ ২,২০,০০০ টাকা

৩৯. উক্ত বছরে জনাব আসাদ যদি আরও ২০,০০০ টাকা উত্তোলন করতেন তাহলে নিট লাভে কী পরিবর্তন আসবে?
ক ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ ২০,০০০ টাকা হ্রাস পাবে
গ ৪০,০০০ টাকা হ্রাস পাবে
ঘ ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে

৪০. নিচের কোনটি উদ্বর্তপত্রে প্রদর্শিত হয় না?
ক মূলধন সঞ্চিতি খ বিশেষ সঞ্চিতি
গ সাধারণ সঞ্চিতি ঘ গোপন সঞ্চিতি

উত্তরমালা

১	খ	২	গ	৩	খ	৪	খ	৫	ঘ	৬	গ	৭	গ	৮	খ	৯	গ	১০	ঘ	১১	ক	১২	গ	১৩	ক	১৪	ক	১৫	ঘ	১৬	ঘ	১৭	গ	১৮	ক	১৯	ঘ	২০	গ
২১	খ	২২	খ	২৩	খ	২৪	ঘ	২৫	ক	২৬	খ	২৭	ঘ	২৮	ঘ	২৯	ঘ	৩০	খ	৩১	ক	৩২	গ	৩৩	খ	৩৪	ঘ	৩৫	ঘ	৩৬	খ	৩৭	গ	৩৮	ক	৩৯	ক	৪০	ঘ